

আমিও আসতে চাই
তোমাদের সাথে।
একটি বহুবিধলাঙ্গ
/বধির অন্ধ
শিশুর আবেদন। ।

CREATED IN PARTNERSHIP BY:

JUNE 2020

Perkins SCHOOL
FOR THE
BLIND



Tanne
Schweizerische Stiftung für Taubblinde
Sinne öffnen, Dialog ermöglichen

আমার দিকে চেয়ে দেখ

আমিও তো এখানেই

একটি শিশু, একজন মানুষ ঠিক তোমারি মতন

আমাকে দেখো আমার বিকলাঙ্গতা কে নয়।

আমিও স্বাধীন হতে চাই, মুক্তি চাই

আমার শিখতে বেশি সময় লাগে কিন্তু আমি ঠিক

নিজের মতন করে শিখে নিতে পারি

আমি প্রতি মুহূর্তে শিখবো। প্রতি দিন শিখব।

এস না

আমার সাথে, তোমার হাত বাড়িয়ে দাও


আমরা একসাথে দেখবো আমার প্রতিভা, যা

আমাদের বিস্মিত করে দেবে।



আমি একটি শিশু। আমিও
একটি পরিবারের সদস্য
। আমাদের মতন বহু
পরিবার আছে এই পৃথিবীত।
আমার মা বলেন আমি চোখে
ভালো দেখতে পাই না আমার
শোনারও সমস্যা আছে
আমি বেশিক্ষণ
কিছু হাতে ধরে রাখতে পারি
না। এবং

মা ও শিশু। শিশু টি শ্রবণ
যন্ত্র পরে আছে। মায়ের
কোলে শুয়ে
এবং একে অপরের দিকে
তাকিয়ে হাসছে



একটি মেয়ে আর একজন
ভদ্রলোক
এক সাথে পাম্প করে জল
ভরছেন

আমিও পরিবারের সব কাজেই ভাগ নিতে
চাই। আমিও তো
নানা ভাবে সবাইকে সাহায্য করতে পারি।
আমার খুব ইচ্ছে করে ছোট ছোট ছেলে
মেয়েদের
সাথে খেলা করতে। পরিবারের কোনো
অনুষ্ঠান হলে আমার খুব আনন্দ হয় আর
স্থানীয় উৎসব গুলো ও তো কি মজার।
আমি টিউবয়েল এ পাম্প করে জল ভরতে
পারি
। আমি আমার দাদুর সাইকেল এর পেছনে
যে ব্লুডিটা আছে তাতে চরে বেড়াতে যেতে
খুব ভালোবাসি। আমি তো তোমাদের সাথে
কত কিছু করতে পারি

আমি আমার পরিবার ও সম্প্রদায়েরই তো একজন

আমিও খেলতে ভালোবাসি

আমি আমার বাড়ির ও বাড়ির আসে পাশের জিনিস
গুলো নিয়ে খেলতে খুব ভালোবাসি
। খেলনা গুলো আমার হাতের কাছে এনে দেবে
তাহলে আমি খেলতে পারবো। ছোট বাচ্চাদের সাথে
খেলতে আমার বেশি ভালো লাগে। আমার খুব আনন্দ
হয় যখন আমার ভাই বোনেরা আমার কাছেই খেলা
করে । আমিও তো ওদের সাথে খেলতে চাই।




একটি ছেলে ও মেয়ে
হাত ধরে একসাথে দৌঁড়া
খেলছে।

একটি শিশু চশমা পরে একটি বড়ো
টবে বসে ওর হাতের কাছে একটি
খেলনা নিয়ে খেলছে। শিশুটি খেলনাটা
নাড়িয়ে বাজাচ্ছে।

আমিও যোগাযোগ করতে পারি

আমি তোমার সাথে কথা বলতে
চাই। আমার ও তোমার মতন
সকলের সাথে যোগাযোগ করা খুব
প্রয়োজন
এস না আমার কাছে, আমরা
একসাথে খেলা করি.
,দেখো আমার প্রতিক্রিয়া। আমার
ভাষা শিখে নাও, আমিও তোমারটা
শেখার চেষ্টা করছি। চলো আমরা
একসাথে সুন্দর সময় কাটাই।



একটি শিশু ও
তার দিদিমা
মাটিতে বসে
আছে। তাদের
সামনে একটি
পাত্রে কিছু
শাকসবজি
রাখা আছে।
ওরা দুজনে
মিলে ডাটার
থেকে
পাতাগুলো
আলাদা করছে
রান্না করবে
বলে।



আমি অবিরত শিখে যাচ্ছি। যদিও একটু
একটু করে।
। আমি একটি বস্তু কে স্পর্শ করে বুঝতে
পারি সেটা কি। নিজে নিজে কিছু করা
শিখতে গেলে আমার অনেক সময় লাগে
আর বার বার সেটি অভ্যাস করতে হয়।
আমাকে যদি রোজ একটি নির্দিষ্ট রুটিন
করে প্রশিক্ষণ দেওয়া হয় তাহলে আমি
সহজে অনেক কিছু শিখতে পারবো। আর
হ্যা অন্য শিশুদের মতন আমিও স্কুল এ
যেতে পারব।

আমিও শিখতে পারি

মায়ের সাথে স্পর্শের দ্বারা একটু শিশু যোগাযোগ স্থাপন করছে। শিশু এবং তার মা
মুখোমুখি
শিশুটি শুয়ে আছে মাটিতে তার মায়ের দুটি পায়ের মধ্যখানে। দুজনে দুজনের হাত কে
স্পর্শ করে তালি বাজাচ্ছে।

আমি খুব সহজে ভালোবাসতে পারি এবং ভালোবাসা পেতেও পারি

মনে রেখো আমি
একটি শিশু একটি
অমূল্য রতন

সব শিশুর মতন আমরা ভালোবাসা ও যত্নের
প্রয়োজন আছে। আমি ব্যক্ত না করতে পারলেও
আমি তোমাকে খুব ভালোবাসি। আমার প্রতি
তোমার ভালোবাসা প্রকাশ কর। আমি তোমার
ভালোবাসা অনুভব করতে পারব।



বাবা তার ছোট
বাচ্চাটিকে কোলে
তুলে তার মুখ চুম্বন
করছেন



ভাই ও বোন
দুজনে দুজনকে
জড়িয়ে

আদর করছে

অন্য শিশুদের মতনই আমার মধ্যে অনেক খুশি ,সম্ভবনা ,স্বপ্ন ,দুষ্টমি খুঁজে পাবে।
আমাকে দেখতে পাচ্ছ ?আমি এখানেই ,আমাদেরই সকলের সম্প্রদায়ের মাঝে
। আমি অপেক্ষায় আছি সকলের ভালোবাসা আর সম্মানের আর অন্তর্ভুক্তির। যদি তুমি আমাকে
অনুপ্রাণিত করো, প্রশংসা করো অন্য সকলেও করবে ।
আমার মতনই একটি শিশু ছিলেন যিনি পরবর্তী কালে হেলেন কেব্লার নামে প্রসিদ্ধ হয়েছিলেন
এবং তিনি বলেছিলেন "একলা আমরা খুব স্বল্প কিছু করতে পারবো ,একসঙ্গে আমরা অনেক
কিছু
করতে পারবো। । আমার অনেক স্বপ্ন আছে । আমাকে আমার স্বপ্ন পূরণ করতে সাহায্য করবে?